



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি:
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব:
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০১৮/

তারিখ: ০৪-১২-২০১৮ খ্রিঃ

শোক বার্তা

“বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী এক বিবৃতিতে, নবীন চিকিৎসক ডা. আখতার জাহান রুম্পার আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন (ইন্সালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে মরহুমার বয়স হয়েছিল ২৮ বছর। তিনি সিলেটের ওসমানীনগরের বার্ডসআই হাসপাতালের চিকিৎসক ছিলেন। ০৪-১২-২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার আনুমানিক ভোর সাড়ে চারটায় রাজধানীর বিজয় সরণি এলাকায় বাসের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশা আরোহী ডা. আখতার জাহান রুম্পা গুরুতর আহত হলে পথচারীরা তাকে ঢাকা মেডিকেল কলেজে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। মৃত্যুকালে তিনি বন্ধু-বান্ধব, পরিবার-পরিজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন মরহুমার বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে এবং অতিসত্ত্বুর দুর্ঘটনা সংগঠনকারী বাসের চালককে শ্রেফতার করে আইনের আওতায় আনার জোর দাবী জানাচ্ছে। সাম্প্রতিক সময়ে দেশব্যাপী সড়কে গাড়ি দুর্ঘটনায় মৃতের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন গভীর উদ্বেগ প্রকাশ করছে।”

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ শোক বার্তাটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক :

ডা. মোহাম্মদ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)।